দৈনিক ইত্তেফাক

তারিখ ...3.0 JAN 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫-৬

# ভার্সিটিতে সমাজের বিভিন্ন স্তরের যোগ্য নেতৃত্ব গড়িয়া তুলিতে চাই

— ভিসি

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞা বলিয়াছেন, অতীতের ন্যায় সমাজের বিভিন্ন স্তরের যোগ্য নেতা তৈরীর স্থান হিসাবে আমরা বিশ্ববিদ্যালয়কে গড়িয়া তুলিতে চাই।

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ভিসি

(১ম পৃঃ পর)

ইহার জন্য প্রয়োজন সকলের আন্তরিক উদ্যোগ। তিনি ক্যাম্পাসে বিরাজমান সুষ্ঠু পরিবেশ রক্ষার জন্য সংশ্লিষ্ট সকল মহলের প্রতি আহ্বান জানান।

গতকাল (মঙ্গলবার) এস, এম হলের সাহিত্য-সাংস্কৃতিক ও আভ্যন্তরীণ ক্রীড়া সপ্তাহের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে ভিসি এই আহ্বান জানান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হলের প্রভোষ্ট প্রফেসর আবদুল মান্নান চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন ইত্তেফাক ও নিউ-নেশনের সম্পাদকমণ্ডলীর সভাপতি ব্যারিষ্টার মইনুল হোসেন। অনুষ্ঠানে হলের কোষাধ্যক্ষ বেলায়েত হোসেন, আবাসিক শিক্ষক হারুনর রশীদ হলের ভারপ্রাপ্ত ভিপি মাহবুবুর রহমান খোকন, সাধারণ সম্পাদক মনজুরে এলাহী, সাহিত্য সম্পাদক সাইফুদ্দিন মোহাম্মদ ফরহাদ ও ক্রীড়া সম্পাদক মাহবুব আলম বাবু বক্তৃতা করেন।

ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞা বলেন, ক্যাম্পাসে সশস্ত্র সন্ত্রাস, ডাইনিংয়ে ব্লেডে কাটা মাছের সমস্যার মোকাবিলা করিয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা যেভাবে পড়াশুনা করে তাহা সত্যই প্রশংসীয়। তিনি বলেন, রাজনৈতিক অস্থিরতা ও অর্থনৈতিক মন্দার মোকাবিলা করিয়া প্রশাসন চালাইতে আমাদের খুবই কষ্ট হয়। তবুও ছাত্র শিক্ষক-অফিসার-কর্মচারীদের জন্য ক্যাম্পাসের পরিবেশকে সুস্থ রাখার লক্ষ্যে আমরা আপ্রাণ চেষ্টা করিতেছি। তিনি প্রতিভার পূর্ণ বিকাশ ঘটানোর জন্য লেখাপড়ার পাশাপাশি সাহিত্য, সংস্কৃতি ও ক্রীড়া কর্মকাণ্ডে আরও তৎপর হওয়ার জন্য ছাত্র-ছাত্রীদের প্রতি আহ্বান জানান।